উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে যশোরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের প্রথম সেমিফাইনাল ম্যাচে কোটচাঁদপুর একাদশের বিপক্ষে ১-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের গোলকিপার মোঃ বায়েজিদ হোসেন। খেলায় একমাত্র গোলটি করেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের ০৯ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম মেম্বার, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক, মোঃ আনিচুর রহমান খোকা।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কোটচাঁদপুরে ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর নার্সিং হোমে ভুল চিকিৎসায় মিতা (৩৫) নামে এক প্রসূতির মৃত্যুর ঘটনা ঘটেছে। সোমবার সকালে উন্নত চিকিৎসার জন্য যশোর নোভা ম্যাডিকেল সেন্টার হসপিটালে নেওয়ার পর তার মৃত্যু হয়। এর আগে রবিবার রাত সাড়ে ৮ টার দিকে কোটচাঁদপুর নার্সিং হোমে ওই প্রসূতির সিজারিয়ান অপারেশন করেন ওই নার্সিং হোমের চিকিৎসক ডাঃ ফাহিম উদ্দীন।

জানা যায়, রবিবার রাতে উপজেলার বড়বামনদাহ গ্রামের আব্দুল হামিদের

স্ত্রী মিতা খাতুন (৩৫) এর প্রসব বেদনা হলে শহরের কোটচাঁদপুর নার্সিং হোমে ভর্তি করেন। সেখানে তার অপারেশন করেন ডাঃ ফাহিম উদ্দীন। অপারেশনের পর তার শারিরীক অবস্থার অবনতি হয়। এসময় ক্লিনিক কর্তৃপক্ষ অবস্থা বেগতিক দেখে মিতাকে যশোরে পাঠায়। সেখানে চিকিৎসা দেওয়ার আগেই মিতার মৃত্যু হয়।

মৃতের স্বজনরা অভিযোগ করে বলেন, তারা কোন কিছু পরীক্ষা নিরীক্ষার কাগজ পত্র না দেখে অপারেশন রুমে নিয়ে যান এবং সিজার করেন। অবস্থা খারাপের দিকে গেলেও তারা রোগীকে সেখানেই চিকিৎসা দিতে থাকে। এরপর কোন উপায় না পেয়ে ওই নারীকে যশোরে রেফার্ড করেন। ভোরের দিকে আমরা রোগীকে যশোর নোভা ম্যাডিকেল সেন্টার হসপিটালে নিলে সেখানে চিকিৎসার আগেই তাঁর মৃত্যু হয়।

ক্লিনিক মালিক আজাদ রহমান জানান, রোগীর একলেমশীয়ার সমস্যা ছিল। এবং রোগীর পেশার বেশি ছিল। অপারেশনের পর রোগীর অবস্থা খারাপ হয়। পরে তাকে যশোরে পাঠানো হয়। তিনি অভিযোগ করে বলেন, রোগীকে প্রাইভেট হাসপাতালে না নিয়ে সদর হাসপাতালে নিলে এঘটনা নাও ঘটতে পারত।

বিষয়টি নিয়ে ডাঃ ফাহিম উদ্দীনের সঙ্গে কথা বলতে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার নাম্বারটি বন্ধ পাওয়া যায়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ডাঃ আব্দুর রশিদ বলেন, বিষয়টি শুনেছি। সিভিল সার্জনের সঙ্গে কথাও হয়েছে। এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করে ব্যবস্থা নেওয়া হবে।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম বলেন, আমি ঢাকায় আছি। বিষয়টি আমার জানা নাই। তবে খোঁজ নিয়ে দেখছি। এম.বি.বি.এস পাস করে অপারেশন করতে পারে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, জ্বি করতে পারেন।

ঝিনাইদহে আবাদি জমিতে খাল

খননের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহ সদর উপজেলার ৫ টি গ্রামে আবাদি জমিতে খাল খননের সিদ্েধোন্তর প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

সোমবার সকালে সদর উপজেলার হামদরডাঙ্গা গ্রামের মাঠে এ কর্মসূচির আয়োজন করে স্থানীয় কৃষকরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে বাগডাঙ্গা, নাচনা, সুরাট, বদনপুর ও হামদরডাঙ্গা গ্রামের শত শত কৃষক-কৃষাণিরা অংশ নেয়। পরে তারা সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে।

মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য দেন কৃষক নজরুল ইসলাম, মাহবুবুর রহমান, আমিরুল ইসলাম, আব্দুল আজিজ মন্ডল, জামির হোসেন, উজ্জল মেম্বার. গোবিন্দ দাস, খোকন মিত্র, খাইরুল ইসলামসহ অনেকেই।

এ সময় তারা বলেন, ওই ৫ গ্রামের মাঝে অবস্থিত মাঠে বিএডিসি খাল খননের সিন্ধান্ত নিয়েছে। খাল খনন করা হলে আবাদি জমি নষ্ট হবে।

জমি হারিয়ে নিঃস্ব হবে গরিব কৃষক। তাই খাল খনন না করার দাবি জানান তারা। অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিল না হলে পরবর্তীতে বৃহত্তর আন্দোলন কর্মসূচি গড়ে তোলা হবে বলে জানান তারা।

মেহেরপুরে আজ আরও ৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের, একজন মুজিবনগর উপজেলার।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৫ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩ জনের। আর নেগেটিভ আসে ১১ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৮২৫ টি, সর্বমোট পজিটিভ ৭০৬ জন, সুস্থ ৬১৪ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২২ (সদরে-১৩, গাংনীতে- ৪ ও মুজিবনগরে- ৫) জন।

ভিন্নসূত্রে পাওয়া পজেটিভদের পরিচয়- মেহেরপুর সদরের তাঁতী পাড়ার খন্দকার মনিরুল ইসলাম(৫৯), বড় বাজারের খাইরুল আলম(৬৪), অপর জন হলেন মুজিবনগরের আনোয়ার(৫৯)।

শেয়ারবাজারে বড় দরপতন

দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সোমবার সূচকের বড় পতনের মধ্য দিয়ে লেনদেন চলছে। ডিএসই ও সিএসই সূত্রে এ তথ্য জানা গেছে।

সোমবার বেলা ১১টায় ডিএসইর সাধারণ সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৫১ পয়েন্ট কমে চার হাজার ৭৮৯ পয়েন্টে অবস্থান করে। ডিএসই শরীয়াহ্ সূচক ১৬ পয়েন্ট এবং ডিএসই-৩০ সূচক ২১ পয়েন্ট কমে যথাক্রমে ১১০৩ ও ১৬৬৩ পয়েন্টে রয়েছে। এই সময়ের মধ্যে লেনদেন হয়েছে ১৩৮ কোটি ২৬ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট।

সোমবার এ সময়ে লেনদেন হওয়া কোম্পানিগুলোর মধ্যে দাম বেড়েছে ৬৯টির, কমেছে ১৬৬টির এবং অপরিবর্তিত রয়েছে ৮১টি কোম্পানির শেয়ার।
এর আগে, লেনদেন শুরুর প্রথম ১০ মিনিটে ডিএসইর সূচক কমে ২৬ পয়েন্ট। এরপর ১০টা ২০ মিনিটে সূচক আগের অবস্থান থেকে ১৬ পয়েন্ট কমে যায়। এরপর সূচক কিছুটা নিম্নমুখী দেখা যায়। সকাল ১০টা ৪৫ মিনিটে সূচক আগের দিনের চেয়ে ৫৮ পয়েন্ট কমে চার হাজার ৭৮২ পয়েন্টে অবস্থান করে।

অপরদিকে লেনদেন শুরুর এক ঘণ্টা পর বেলা ১১টায় চট্টগ্রাম স্টক

এক্সচেঞ্জের (সিএসই) সিএএসপিআই সূচক ১৪৬ পয়েন্ট কমে ১৩ হাজার ৭১৭ পয়েন্টে অবস্থান করে। এরপর সূচকের গতি নিম্নমুখী দেখা যায়।

এদিন বেলা ১১টা পর্যন্ত সিএসইতে লেনদেন হয়েছে ২ কোটি ৪০ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট। এসময়ের ২০টি কোম্পানির দাম বেড়েছে, কমেছে ৭২টি কোম্পানির দর। অপরিবর্তিত রয়েছে ২২টি কোম্পানি শেয়ারের দর।

পরাজয় মেনে নিতে ট্রাম্পকে মিত্র ক্রিস্টির অনুরোধ

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নির্বাচনে পরাজয় মেনে নেওয়ার অনুরোধ জানিয়েছেন তার মিত্র হিসেবে পরিচিত নিউ জার্সির সাবেক গভর্নর ক্রিস ক্রিস্টি। এছাড়া নির্বাচন বিষয়ে প্রেসিডেন্টকে আইনি সহায়তায় গঠিত দলকে জাতির জন্য বিব্রতকর বলেও উল্লেখ করেছেন তিনি। খবর বিবিসির।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে জো বাইডেন ইলেকটোরাল ভোট পেয়েছেন ৩০৬টি। তার বিপরীতে ট্রাম্প পেয়েছেন ২৩২টি। কিন্তু জো বাইডেন জয়ী হওয়ায় নির্বাচন নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

ট্রাম্প অভিযোগ করেছেন, ভোটে কারচুপি হয়েছে। তাই তিনি ফলাফল মেনে নেবেন না। নির্বাচনী ফলকে বিতর্কিত করতে বিভিন্ন অঙ্গরাজ্যে তার পক্ষ থেকে করা হয়েছে মামলাও। ইতিমধ্যে কিছু মামলা খারিজ করা হয়েছে পর্যাপ্ত তথ্যপ্রমাণের অভাবে।

এমন পরিস্থিতিতে নিউ জার্সির সাবেক গভর্নর ক্রিস্টি স্থানীয় সময় রবিবার গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্পকে নির্বাচনে পরাজয় মেনে নেওয়ার অনুরোধ জানিয়েছেন। তিনি বলেন, সত্যি বলতে, রাষ্ট্রপতির লিগ্যাল টিমের আচরণ জাতির জন্য বিব্রতকর।

নিজেকে ট্রাম্পের সমর্থক দাবি কেরে নিউ জার্সির সাবেক গভর্নর

ক্রিস্টি বলেন, আমি প্রেসিডেন্টকে সমর্থন করি। তাকে দুইবার ভোট দিয়েছি। কিন্তু নির্বাচনের ফলাফল হয়েছে। আর এতে যেটা হয়নি সেটা হয়েছে মনে করে আমরা কর্মকাণ্ড চালিয়ে যেতে পারি না।

নাইজেরিয়ায় নামাজের সময় মসজিদে হামলা, নিহত ৫

নাইজেরিয়ায় এক মসজিদে নামাজের সময় হামলা চালিয়েছে বন্দুকধারীরা। এ সময় ৫ মুসল্লিকে হত্যা এবং আরও ৪০ জনকে অপহরণ করেছে সন্ত্রাসীরা।

রবিবার দেশটির পুলিশ এই তথ্য জানিয়েছে। খবর আনাদোলু এজেন্সির।

প্রতিবেদনে বলা হয়েছে, দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলের জামফারা প্রদেশের মারু জেলার দুস্তেন গারি গ্রামের এক মসজিদে মুসল্লিরা শুক্রবারের নামাজ আদায়ে জমায়েত হলে প্রায় ১০০ জন ‘গরু চোর’ মোটরসাইকেলে করে মুসল্লিদের ওপর গুলি ছুঁড়ে।

অ্যাতলেটিকোর বিপক্ষে বার্সার হার, ক্ষুব্ধ কোমান

অ্যাতলেটিকো মাদ্রিদের বিপক্ষে ১-০ ব্যবধানে হেরেছে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা। শনিবার লা লিগায় নিষ্প্রভ ছিলেন লিওনেল মেসি। সঙ্গে হাঁটুতে মারাত্মক চোট পেলেন জেরার পিকে। তাঁর মাঠে ফিরতে ৬ মাস লেগে যেতে পারে। এই জয়ে অ্যাতলেটিকো লিগ টেবলে বার্সার থেকে ৯ পয়েন্ট এগিয়ে দু’নম্বরে উঠে এলো।

ম্যানেজার রোনাল্ড কোমান বলেছেন, ‘‘বার্সেলোনার মতো দলের এই

রকম গোল খাওয়া মানায় না।’’ শনিবার মেসিকে দেখে মনে হয়েছে, দেশের হয়ে খেলে স্পেনে ফেরার ক্লান্তি কাটেনি। পুরনো ক্লাবের বিরুদ্ধে চূড়ান্ত ব্যর্থ আঁতোয়া গ্রিজম্যান একবার নিশ্চিত গোলের হেড অ্যাতলেটিকো গোলরক্ষকের হাতে সাজিয়ে দেন।

এদিকে, অ্যাতলেটিকোর ফরোয়ার্ড অ্যাঞ্জেল কোরেয়ার সঙ্গে সংঘর্ষের জেরে পিকের হাঁটুতে অস্ত্রোপচার হতে পারে। অন্যদের সাহায্য নিয়ে কাঁদতে কাঁদতে তিনি মাঠ ছাড়েন। ঊরুতে চোট পেয়েছেন সের্জি রবের্তোও। তাঁরও সুস্থ হতে দু’মাস লেগে যেতে পারে।

ইব্রাহিমোভিচের জোড়া গোল, জয় পেল এসি মিলান

বয়স ৩৯ পেরিয়ে গেলেও ফুটবল মাঠে জ্লাতান ইব্রাহিমোভিচ সেই তরুণই আছেন। সেরি আ’য় নাপোলির বিপক্ষে এসি মিলানকে ৩-১ ব্যবধানে জেতাতে একাই করেছেন জোড়া গোল।

এই মৌসুমে ৬ ম্যাচে ইব্রার গোল হল ১০টি। অ্যাওয়ে ম্যাচে দারুণ ফর্ম নিয়ে জিতে আসলেও দ্বিতীয়ার্ধের ইনজুরি তাকে ভোগাতে পারে।

এসি মিলানকে এগিয়ে নিতে ইব্রা ২০তম মিনিটে গোল করেন। বক্সের কোনা থেকে দারুণ এক হেডে জাল খুঁজে নেন। ব্যবধান দ্বিগুণ করেন দ্বিতীয়ার্ধের ৫৪তম মিনিটে।
নাপোলি ৬৩ মিনিটে এক গোল শোধ দেওয়ার পর খেলা শেষ হওয়ার ঠিক আগে আবার ব্যবধান বাড়ান ড্রিস ম্যার্টিনস।

অবাক করার বিষয় হল নাপোলি এদিন ৬৩ শতাংশ সময় নিজেদের পায়ে বল রেখেছিল। তারা গোলে শট নেয় ১৯টি। এর মধ্যে টার্গেটে ছিল ৭টি। এসি মিলানেরও ১৫ শটের টার্গেটে ছিল ৭টি।

নাপোলি বক্সের আশপাশে বেশিবার বল নিয়ে ঢুকেছে। তারা কর্নার পায় ৮টি। মিলান ৫টি।

মাঠের খেলায় কিছুটা পিছিয়ে থেকে জয় পাওয়া মিলান ফাউল করেছে বেশি,

১৬টি। নাপোলি সেখানে ৮টি।

এই জয়ে ৮ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে উঠেছে এসি মিলান। সমান ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে ৬ নম্বরে নেমে গেছে নাপোলি।

কুষ্টিয়া চিনিকলে ২১ কোটি টাকার চিনি অবিক্রীত

কুষ্টিয়া চিনিকলে উৎপাদিত প্রায় ২১ কোটি টাকার অবিক্রীত চিনি ও চিটাগুড় গোডাউনে পড়ে রয়েছে। গত মৌসুমে উৎপাদিত এসব চিনি দীর্ঘদিন গোডাউনে পড়ে থাকায় সিংহভাগ চিনির গুণগত মান নষ্ট হওয়ার পাশাপশি বিশাল অঙ্কের অবিক্রীত এই চিনি নিয়ে মিল র্কর্তৃপক্ষ পড়েছে চরম বিপাকে।

চিনি বিক্রি করতে না পারায় মিলের কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাদিসহ আনুষঙ্গিক খরচ মেটানো সম্ভব হচ্ছে না। তাছাড়া আখ চাষীদের বকেয়া কয়েক কোটি টাকাও পরিশোধ করা যাচ্ছে না। মিল কর্তৃপক্ষের কাছে আখ চাষীদের বকেয়া রয়েছে ৩ কোটি ২০ লাখ টাকা।

জানা যায়, ২০১৯-২০ আখ মাড়াই মৌসুমে মোট উৎপাদিত চিনির মধ্যে বর্তমানে ২ হাজার ২৬ মেট্রিক টন চিনি ও ২ হাজার ৩শ’ ৯৬ মেট্রিক টন অবিক্রীত চিটাগুড় মিলের গোডাউনে মজুদ রয়েছে। অবিক্রীত ওই চিনির বাজার মূল্য প্রায় ১৬ কোটি ৩৬ লাখ টাকা এবং চিটাগুড়ের বাজার মূল্য প্রায় ৫ কোটি টাকা।

মজুদকৃত চিনি ও চিটাগুড় বিক্রি না করতে না পারায় আর্থিক টানাপোড়েন ও সঙ্কটে পড়েছে মিলের শ্রমিক-কর্মচারীরা। ৫/৬ মাসের বকেয়া বেতন না পেয়ে শ্রমিক-কর্মচারীরা দিনযাপন করছেন অতিকষ্টে। এদিকে ডিসেম্বর মাসের শেষদিকেই শুরু হচ্ছে মিলের ’২০-২১ মাড়াই মৌসুম। ফলে আসন্ন মৌসুমে উৎপাদিত নতুন গুদামজাত করতে গোডাউনে সংরক্ষিত গত মৌসুমের চিনি বিক্রি জরুরী হলেও ক্রেতার অভাবে কর্তৃপক্ষ তা বিক্রি করতে পারছে না।

মিলের ডিলাররাও চিনি উত্তোলন করছে না। কুষ্টিয়া চিনিকলে উৎপাদিত চিনি সংরক্ষণের জন্য ৬শ’ ৫০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন দুটি গোডাউন রয়েছে। তবে গত মৌসুমের চিনি এখনও অবিক্রীত ও গোডাউনে মজুদ থাকায় আসন্ন মাড়াই মৌসুমের উৎপাদিত চিনি গোডাউনজাত করতে স্থান সংকুলানে সঙ্কটে পড়তে হতে পারে বলে মিলের কর্মকর্তারা আশঙ্কা প্রকাশ করেন।

চিনিকল আখ চাষী কল্যাণ সমিতির সদস্য আব্দুর রহিম জানান, নানা জটিলতা ও প্রতিবন্ধকতার কারণে চাষীরা আখ চাষে উৎসাহ হারাচ্ছে। মিল জোন এলাকায় আগের তুলনায় আখ চাষ কমেছে। চাষ কমে যাওয়ায় মাড়াই মৌসুমে মিলে আখের যোগান কমছে। ফলে দেশীয় চিনির সামগ্রিক চিনি উৎপাদনও হ্রাস পাচ্ছে।

মিলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ রাকিবুর রহমান খান জানান, অবিক্রীত চিনি ও চিটাগুড় বিক্রির চেষ্টা চলছে। অতি অল্প সময়ের মধ্যেই এ সমস্যা নিরসন হবে বলে তিনি জানান।